# টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ও কৃষি

উন্নয়নের মূল স্রোতধারা থেকে কাউকে পিছিয়ে রাখা যাবে না (Leave no one behind) এই ধারণাকে সামনে রেখে জাতিসংঘের ৭০ তম সাধারণ অধিবেশনে ২০৩০ সালের মধ্যে অর্জনের লক্ষ্যে ১৭ টি টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) গৃহীত হয়। এসডিজির ১৭টি অভীষ্টের উদ্দেশ্য হচ্ছে আরও জনবান্ধব, পরিবেশবান্ধব, অন্তর্ভুক্তিমূলক এবং সমতাভিত্তিক শান্তি ও উন্নয়ন নিশ্চিত করা। ১৭ টি টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এর ১০ টি গোল এবং ৩৩ টি টার্গেটের সাথে কৃষি মন্ত্রণালয় সম্পৃক্ত রয়েছে। টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (এসডিজি) এর গোল-২ এর ৫টি টার্গেট যথা: ২.১, ২.৩, ২.৪, ২.৫, ২.ক বাস্তবায়নে কৃষি মন্ত্রণালয় মুখ্য ভূমিকা (Lead Role) পালন করছে। অন্যান্য ০৪টি অভীষ্টের ০৪ টি টার্গেট (৬.৪, ৮.২, ৯.৫ ও ১২.৩) বাস্তবায়নে কৃষি মন্ত্রণালয় কো-লীড (Co-Lead) এবং অন্যান্য ২৪ টি টার্গেট বাস্তবায়নে অন্যান্য মন্ত্রণালয়ের সাথে যৌথভাবে সহযোগী মন্ত্রণালয় (Associate) হিসেবে ভূমিকা রাখছে (সারণি-২.১, ও ২.২)।

কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (এসডিজি) এর সুনির্দিষ্ট উদ্দেশ্য হচ্ছেঃ (১) সকলের জন্য সারা বছর নিরাপদ, পুষ্টি সম্পন্ন ও পর্যাপ্ত খাদ্য নিশ্চিত করা (২)ক্ষুদ্র ওদরিদ্র কৃষকের (Bottom 40%) আয় ও খামারের উৎপাদনশীলতা (শ্রম প্রতি) দ্বিগুণ করা (৩) টেকসই খাদ্য উৎপাদন নিশ্চিত করা (৪) ফসলসহ মৎস্য ও প্রাণিসম্পদের কৌলি সম্পদ (Genetic Resources) সংরক্ষণ করা (৫) কৃষি গবেষণা, সম্প্রসারণ ও পল্লী উন্নয়নে বিনিয়োগ বৃদ্ধি করা এবং (৬) সেচ কাজে পানিসম্পদের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করা।

**সারণি-২.১: একনজরে কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট এসডিজি অভীষ্ট ও লক্ষ্যসমূহ**

## Role of MoA for the SDGs: The Goals and Targets

| Goals | Targets | | |
|---|---|---|---|
| | Lead | Co-lead | Associate |
| Goal 1: Poverty | - | - | 1.1-1.5 |
| Goal 2: Hunger and Nutrition | 2.1, 2.3, 2.4, 2.5, 2.a | - | 2.2, 2b |
| Goal 6: Water and Sanitation | - | 6.4 | - |
| Goal 8: Inclusive growth, Employment | - | 8.2 | 8.4 |
| Goal 9: Resilient infrastructure | - | 9.5 | 9.4, 9b |
| Goal 10: Reduce inequality | - | - | 10.1, 10.2 |
| Goal 12: Sustainable consumption and production | - | 12.3 | 12.1, 12.4 |
| Goal 13: combat climate change | | | 13.1, 13.2, 13.3 |
| Goal 15: Ecosystem and biodiversity | - | - | 15.1, 15.3-15.6, 15.8 |
| Goal 17: Global partnership | - | - | 17.18 |

4

**সারণি-২.২: কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট এসডিজি অভীষ্ট ও লক্ষ্যসমূহ**

| ক্রঃ নং | এসডিজি অভীষ্ট | লক্ষ্যমাত্রা | কৃষি মন্ত্রণালয়ের সংশ্লিষ্টতা |
|---|---|---|---|
| ০১। | অভীষ্ট ১. সর্বত্র সব ধরনের দারিদ্র্যের অবসান | ১.১: ২০৩০ সালের মধ্যে, সর্বত্র সকল মানুষের জন্য, বর্তমানে দৈনন্দিন মাথাপিছু আয় ১.২৫ ডলারের কম -এ সংজ্ঞানুযায়ী পরিমাপকৃত চরম দারিদ্র্যের সম্পূর্ণ অবসান | সহযোগী মন্ত্রণালয় (Associate Ministry) |
| | | ১.২: জাতীয় সংজ্ঞানুযায়ী চিহ্নিত যেকোন ধরনের দারিদ্র্যের মধ্যে বসবাসকারী সকল বয়সের নারী, পুরুষ ও শিশুর সংখ্যা ২০৩০ সালের মধ্যে কমপক্ষে অর্ধেকে নামিয়ে আনা | |
| | | ১.৩: ন্যূনতম সামাজিক নিরাপত্তা সুবিধার নিশ্চয়তাসহ সকলের জন্য জাতীয়ভাবে উপযুক্ত সামাজিক সুরক্ষা ব্যবস্থা ও সংশ্লিষ্ট পদক্ষেপের বাস্তবায়ন এবং ২০৩০ সালের মধ্যে দরিদ্র ও অরক্ষিত জনগোষ্ঠীর একটি উল্লেখযোগ্য অংশকে এ ব্যবস্থার আওতায় নিয়ে আসা | |
| | | ১.৪: ২০৩০ সালের মধ্যে সকল নারী ও পুরুষ, বিশেষ করে দরিদ্র ও অরক্ষিত জনগোষ্ঠীর অনুকূলে অর্থনৈতিক সম্পদ ও মৌলিক সেবা সুবিধা, জমি ও অপরাপর সম্পত্তির মালিকানা ও নিয়ন্ত্রণ, উত্তরাধিকার, প্রাকৃতিক সম্পদ, লাগসই নতুন প্রযুক্তি এবং ক্ষুদ্র ঋণসহ আর্থিক সেবা প্রাপ্তির ক্ষেত্রে সমঅধিকার প্রতিষ্ঠা করা | |
| | | ১.৫: ২০৩০ সালের মধ্যে, দরিদ্র ও অরক্ষিত পরিস্থিতিতে বসবাসকারী জনগোষ্ঠীর অভিঘাতসহনশীলতা বিনির্মাণ এবং জলবায়ু সম্পৃক্ত চরম ঘটনাবলি ও অন্যান্য অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত অভিঘাত ও দুর্যোগে তাদের আক্রান্ত ও ক্ষতিগ্রস্ত হবার ঝুঁকি কমিয়ে আনা | |
| ০২। | অভীষ্ট ২. ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন এবং টেকসই কৃষির প্রসার | ২.১: ২০৩০ সালের মধ্যে সকল মানুষ, বিশেষ করে, অরক্ষিত পরিস্থিতিতে বসবাসকারী জনগোষ্ঠী, দরিদ্র জনগণ ও শিশুদের জন্য বিশেষ অগ্রাধিকারসহ বছরব্যাপী নিরাপদ, পুষ্টিকর ও পর্যাপ্ত খাদ্য প্রাপ্তি নিশ্চিত করে ক্ষুধার অবসান ঘটানো। | মুখ্য মন্ত্রণালয় (Lead Ministry) |
| | | ২.২: ২০২৫ সালের মধ্যে অনুর্ধ্ব ৫-বছর বয়সী খর্বকায় ও রুদ্ধবিকাশ শিশু বিষয়ক আন্তর্জাতিকভাবে সম্মত সকল অভীষ্ট অর্জন এবং কিশোরী, গর্ভবতী ও স্তন্যদায়ী নারী ও বয়স্ক জনগোষ্ঠীর পুষ্টি চাহিদা পূরণসহ ২০৩০ সালের মধ্যে সকল ধরনের অপুষ্টির অবসান | সহযোগী মন্ত্রণালয় (Associate Ministry) |
| | | ২.৩: ২০৩০ সালের মধ্যে ক্ষুদ্র পরিসরে খাদ্য উৎপাদনকারী, বিশেষ করে নারী, আদিবাসী জনগোষ্ঠী, পারিবারিক কৃষক, পশুপাখি পালনকারী ও মৎস্যচাষীদের আয় ও কৃষিজ উৎপাদনশীলতা দ্বিগুণ করা এবং এই লক্ষ্যে ভূমি, অন্যান্য উৎপাদনশীল সম্পদ ও উপকরণ, জ্ঞান, আর্থিক সেবা, বিপণন, মূল্য সংযোজনের সুযোগ ও কৃষি-বহির্ভূত কর্মসংস্থানে তাদের নিরাপদ (সুরক্ষিত) ও সমান সুযোগ নিশ্চিত করা সহ অন্যান্য উদ্যোগ গ্রহণ | মুখ্য মন্ত্রণালয় (Lead Ministry) |
| | | ২.৪: ২০৩০ সালের মধ্যে টেকসই খাদ্য উৎপাদন ব্যবস্থা নিশ্চিত করা এবং অভিঘাতসহনশীল এমন একটি কৃষিরীতি বাস্তবায়ন করা যা উৎপাদনশীলতা ও উৎপাদন বৃদ্ধি করে, বাস্তুতন্ত্র সংরক্ষণে সহায়ক, জলবায়ু পরিবর্তন, চরম আবহাওয়া, খরা, বন্যা ও অন্যান্য দুর্যোগে অভিযোজনের সক্ষমতা বৃদ্ধি করে, এবং যা ভূমি ও মৃত্তিকার গুণগত মানের উত্তরোত্তর বৃদ্ধি সাধন করে | |
| | | ২.৫: ২০২০ সালের মধ্যে বীজ, আবাদযোগ্য শস্য প্রজাতি এবং খামারে ও গৃহে | |

| ক্রঃ নং | এসডিজি অভীষ্ট | লক্ষ্যমাত্রা | কৃষি মন্ত্রণালয়ের সংশ্লিষ্টতা |
|---|---|---|---|
| | | পালনযোগ্য গবাদিপশু ও এদের সমগোত্রীয় বন্যপ্রজাতির জিনগত বৈচিত্র্য সংরক্ষণ করা যার অন্যতম উপায় হবে জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে সুষ্ঠুভাবে পরিচালিত বহুমুখী বীজ ও উদ্ভিদ ব্যাংকের ব্যবহার এবং আন্তর্জাতিক ঐকমত্য অনুসারে, কৌলিক (জেনেটিক) সম্পদ ও সংশ্লিষ্ট ঐতিহ্যলালিত জ্ঞানের ব্যবহার হতে উদ্ভূত সুযোগ-সুবিধার সুষ্ঠু ও সমান অংশীদারিতার পথ সুগম করা | |
| | | ২.ক: উন্নয়নশীল দেশগুলোতে, বিশেষ করে স্বল্পোন্নত দেশসমূহে কৃষি উৎপাদন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে গ্রামীণ অবকাঠামো, কৃষি গবেষণা ও সম্প্রসারণ সেবা, প্রযুক্তি উন্নয়ন, উদ্ভিদ ও প্রাণিসম্পদের জিনভাণ্ডার সমৃদ্ধ করতে বর্ধিত আন্তর্জাতিক সহযোগিতা সহ বিনিয়োগ বৃদ্ধি | |
| | | ২.খ: দোহা উন্নয়ন রাউন্ডের ঘোষণা অনুযায়ী কৃষিপণ্য রপ্তানির ক্ষেত্রে সকল ধরনের ভুর্তকি ও রপ্তানি সংশ্লিষ্ট অনুরূপ সকল ব্যবস্থা রহিতকরণসহ অপরাপর ব্যবস্থা গ্রহণের মাধ্যমে বৈশ্বিক কৃষিবাজারের বাণিজ্য সংশ্লিষ্ট বিধি-নিষেধ ও বিচ্যুতির সংশোধন ও নিবারণ | সহযোগী মন্ত্রণালয় (Associate Ministry) |
| ০৩। | অভীষ্ট ৬. সকলের জন্য পানি ও স্যানিটেশনের টেকসই ব্যবস্থাপনা ও প্রাপ্যতা নিশ্চিত করা | ৬.৪: ২০৩০ সালের মধ্যে সকল খাতে পানি ব্যবহার দক্ষতার প্রভূত উন্নয়ন এবং পানি-সংকট সমস্যার সমাধানকল্পে সুপেয় পানির টেকসই সরবরাহ ও ব্যবহার নিশ্চিত করা এবং পানি সংকটের ভুক্তভোগী মানুষের সংখ্যা উল্লেখযোগ্য পরিমাণে কমিয়ে আনা | কো-লীড মন্ত্রণালয় (Co-Lead Ministry) |
| ০৪। | অভীষ্ট ৮. সকলের জন্য পূর্ণাঙ্গ ও উৎপাদনশীল কর্মসংস্থান এবং শোভন কর্মসুযোগ সৃষ্টি এবং স্থিতিশীল, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন | ৮.২: উচ্চ-মূল্য সংযোজনী ও শ্রমঘন খাতগুলোতে বিশেষ গুরুত্বপ্রদানসহ বহুমুখিতা, প্রযুক্তিগত উন্নয়ন ও উদ্ভাবনার মাধ্যমে অর্থনৈতিক উৎপাদনশীলতার উচ্চতর মান অর্জন | |
| | | ৮.৪ উন্নত দেশগুলোর নেতৃত্বে টেকসই উৎপাদন ও ভোগ বিষয়ক কর্মসূচির ১০ বছর মেয়াদি কাঠামো অনুযায়ী ২০৩০ সাল অবধি ভোগ ও উৎপাদনে বৈশ্বিক সম্পদ-দক্ষতার ক্রমাগত উন্নতি সাধন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি যেন পরিবেশগত অবক্ষয়ের কারণ না হয় তা নিশ্চিত করতে সচেষ্ট থাকা | সহযোগী মন্ত্রণালয় (Associate Ministry) |
| ০৫। | অভীষ্ট ৯. অভিঘাতসহনশীল অবকাঠামো নির্মাণ, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই শিল্পায়নের প্রবর্ধন এবং উদ্ভাবনার প্রসারণ | ৯.৪: ২০৩০ সালের মধ্যে বিশ্বের সকল দেশের নিজস্ব সামর্থ্য অনুযায়ী অবকাঠামোর উন্নয়ন সহ (সংযোজন কাজের মাধ্যমে) শিল্পকারখানার ব্যাপক সংস্কার সম্পন্ন করা, যাতে সেগুলো বর্ধিত সম্পদ-ব্যবহার দক্ষতা এবং পরিচ্ছন্ন ও পরিবেশবান্ধব প্রযুক্তি ও শিল্পপণ্য উৎপাদন প্রক্রিয়ার অধিকতর ব্যবহারের মাধ্যমে টেকসই শিল্পায়ন ধারার প্রসারণ ঘটাতে পারে। | |
| | | | |
| | | ৯.৫: ২০৩০ সালের মধ্যে উদ্ভাবনাকে উৎসাহিত করা এবং প্রতি মিলিয়ন জনে গবেষণা ও উন্নয়ন কর্মীর সংখ্যা উল্লেখযোগ্য পরিমাণে বাড়ানো এবং সরকারি ও বেসরকারি খাতে গবেষণা ও উন্নয়ন ব্যয় বৃদ্ধিসহ সকল দেশে, বিশেষ করে উন্নয়নশীল দেশগুলোতে বৈজ্ঞানিক গবেষণা তৎপরতা বৃদ্ধি এবং শিল্পখাতের | কো-লীড মন্ত্রণালয় (Co-Lead Ministry) |

| ক্রঃ নং | এসডিজি অভীষ্ট | লক্ষ্যমাত্রা | কৃষি মন্ত্রণালয়ের সংশ্লিষ্টতা |
|---|---|---|---|
| | | প্রযুক্তিগত সক্ষমতার উন্নতিসাধন | |
| | | ৯.খ: অপরাপর বিষয়সহ শিল্পপণ্যের বহুমুখিতা ও পণ্য মূল্য সংযোজনের জন্য অনুকূল নীতিপরিবেশ নিশ্চিত করার মাধ্যমে উন্নয়নশীল দেশগুলোতে স্থানীয় প্রযুক্তির বিকাশ, গবেষণা ও উদ্ভাবনে সহায়তা দান | সহযোগী মন্ত্রণালয় (Associate Ministry) |
| ০৬। | অভীষ্ট ১০. অন্তঃ ও আন্তঃ দেশীয় অসমতা কমিয়ে আনা | ১০.১: ২০৩০ সালের মধ্যে আয়ের দিক থেকে সর্বনিম্ন পর্যায়ে অবস্থানকারী ৪০% জনসংখ্যার আয়ের প্রবৃদ্ধি হার পর্যায়ক্রমে জাতীয় গড় আয়ের চেয়ে বেশি অর্জন করা এবং অর্জিত হার বজায় রাখা | |
| | | ১০.২: বয়স, লিঙ্গ, অসামর্থ্য (প্রতিবন্ধিতা), জাতিসত্তা, নৃতাত্ত্বিক পরিচয়, উৎস (জন্মস্থান), ধর্ম অথবা অর্থনেতিক বা অন্যান্য অবস্থা নির্বিশেষে ২০৩০ সালের মধ্যে সকলের ক্ষমতায়ন এবং এদের সামাজিক, অর্থনৈতিক, ও রাজনৈতিক অন্তর্ভুক্তির প্রবর্ধন | |
| ০৭। | অভীষ্ট ১২. পরিমিত ভোগ ও টেকসই উৎপাদন ধরন নিশ্চিত করা | ১২. ১: উন্নয়নশীল দেশসমূহের উন্নয়ন ও সক্ষমতার বিষয়টি বিবেচনায় রেখে টেকসই উৎপাদন ও ভোগ বিষয়ক কর্মসূচির ১০ বছর মেয়াদি কাঠামো বাস্তবায়নে সকল দেশ কর্তৃক কর্মব্যবস্থা গ্রহণ যাতে অগ্রণী ভূমিকা থাকবে উন্নত দেশগুলোর | |
| | | ১২.৩: খুচরা বিক্রেতা ও ভোক্তা পর্যায়ে মাথাপিছু বৈশ্বিক খাদ্য অপচয়ের পরিমাণ ২০৩০ সালের মধ্যে অর্ধেকে নামিয়ে আনা এবং ফসল আহরণোত্তর লোকসান (অপচয়) সহ উৎপাদন ও সরবরাহ শৃঙ্খলের বিভিন্ন পর্যায়ে খাদ্যপণ্য বিনষ্ট হবার পরিমাণ কমানো | কো-লীড মন্ত্রণালয় (Co-Lead Ministry) |
| | | ১২.৪: ২০২০ সালের মধ্যে সর্বসম্মত আন্তর্জাতিক পরিকাঠামো অনুযায়ী রাসায়নিক পদার্থ ও সবধরনের বর্জ্যের জীবনচক্র জুড়ে পরিবেশবান্ধব ব্যবস্থাপনা নিশ্চিত করা এবং মানবস্বাস্থ্য ও পরিবেশের ওপর এদের বিরূপ প্রভাব কমাতে বায়ু, পানি ও মাটিতে এদের নিঃসরণের মাত্রা উল্লেখযোগ্যহারে কমানো | সহযোগী মন্ত্রণালয় (Associate Ministry) |
| ০৮। | অভীষ্ট ১৩. জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব মোকাবেলায় জরুরি কর্মব্যবস্থা গ্রহণ | ১৩.১: সকল দেশে জলবায়ু সম্পৃক্ত ঝুঁকি ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় অভিঘাতসহনশীলতা ও অভিযোজন-সক্ষমতা বৃদ্ধি করা | |
| | | ১৩.২: জাতীয় নীতিমালা, কৌশল ও পরিকল্পনায় জলবায়ু পরিবর্তন সংক্রান্ত কর্মব্যবস্থার অন্তর্ভুক্তি | |
| | | ১৩.৩: জলবায়ু পরিবর্তন প্রশমন, অভিযোজন, প্রভাব নিরসন ও আগাম সতর্কতা বিষয়ে শিক্ষা, সচেতনতা বৃদ্ধি এবং মানব ও প্রাতিষ্ঠানিক দক্ষতার উন্নতি সাধন | |
| ০৯। | অভীষ্ট ১৫. স্থলজ বাস্তুতন্ত্রের পুনরুদ্ধার ও সুরক্ষা প্রদান এবং টেকসই ব্যবহারে পৃষ্ঠপোষণা, টেকসই বন ব্যবস্থাপনা, মরুকরণ প্রক্রিয়ার মোকাবেলা এবং ভূমির অবক্ষয় রোধ ও ভূমি সৃষ্টি | ১৫.১: ২০২০ সালের মধ্যে বিভিন্ন আন্তর্জাতিক চুক্তির বাধ্যবাধকতার সাথে সঙ্গতি রেখে, বিশেষ করে বন, জলাভূমি, পাহাড় ও শুষ্ক ভূমিতে স্থলজ ও অভ্যন্তরীণ স্বাদু পানির বাস্তুতন্ত্র ও সেগুলো হতে আহরিত সুবিধাবলির সংরক্ষণ, পুনরুদ্ধার ও টেকসই ব্যবহার নিশ্চিত করা | |
| | | ১৫.৩: ২০৩০ সালের মধ্যে মরুকরণ প্রক্রিয়ার মোকাবেলা, মরুকরণ, খরা ও বন্যায় ক্ষতিগ্রস্ত ভূমিসহ ক্ষয়প্রাপ্ত ভূমি ও মৃত্তিকার পুনরুজ্জীবন এবং একটি ভূমি-অবক্ষয়মুক্ত বিশ্ব বিনির্মাণে সচেষ্ট হওয়া | |
| | | ১৫.৪: ২০৩০ সালের মধ্যে পার্বত্য অঞ্চলের বাস্তুতন্ত্র ও সংশ্লিষ্ট জীববৈচিত্র্য সংরক্ষণ যাতে করে টেকসই উন্নয়নের জন্য আবশ্যকীয় সুবিধাবলি প্রদানে এদের সক্ষমতা বৃদ্ধি পায় | |
| | | ১৫.৫: প্রাকৃতিক আবাসস্থলগুলোর অবক্ষয় হ্রাস করার জন্য জরুরিভিত্তিতে অর্থবহ পদক্ষেপ গ্রহণ, জীববৈচিত্র্যের ক্ষয়রোধ এবং ২০২০ সালের মধ্যে বিলুপ্তপ্রায় প্রজাতিসমূহের বিলোপ প্রতিরোধ ও সুরক্ষাদান | সহযোগী মন্ত্রণালয় (Associate |
| | | ১৫.৬: আন্তর্জাতিক সমঝোতা অনুযায়ী জিনগত (জেনেটিক) সম্পদ ব্যবহার | |

| ক্রঃ নং | এসডিজি অভীষ্ট | লক্ষ্যমাত্রা | কৃষি মন্ত্রণালয়ের সংশ্লিষ্টতা |
|---|---|---|---|
| | প্রক্রিয়ার পুনরুজ্জীবন এবং জীববৈচিত্র্য হ্রাস প্রতিরোধ | থেকে আহরিত সুবিধাবলির স্বচ্ছ ও ন্যায্য বন্টন এবং এধরনের সম্পদে যথোপযুক্ত প্রবেশাধিকার প্রবর্ধন | Ministry) |
| | | ১৫.৮: ২০২০ সালের মধ্যে স্থলজ ও জলজ বাস্তুতন্ত্রে বহিরাগত অনুপ্রবেশকারী প্রজাতির বিরূপ প্রভাব দৃশ্যমান উপায়ে কমিয়ে আনা ও এদের বিস্তার রোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং অধিক ক্ষতিকর প্রজাতিগুলোর নিয়ন্ত্রণ বা উচ্ছেদ সাধন | |
| ১০। | অভীষ্ট ১৭. টেকসই উন্নয়নের জন্য বৈশ্বিক অংশীদারিত্ব উজ্জীবিতকরণ ও বাস্তবায়নের উপায়সমূহ শক্তিশালী করা | ১৭.১৮: আয়, লিঙ্গ, বয়স, জাতিসত্তা, নৃতাত্ত্বিক পরিচয়, অভিবাসন, অসামর্থ্য (প্রতিবন্ধিতা) ও ভৌগোলিক অবস্থান এবং জাতীয় প্রেক্ষাপটে প্রাসঙ্গিক অন্যান্য বৈশিষ্ট্য অনুযায়ী বিসামষ্টিকৃত (বিভাজিত) উন্নতমানের, সময়োপযোগী ও নির্ভরযোগ্য তথ্য উপাত্তের প্রাপ্যতা উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধির লক্ষ্যে ২০২০ সালের মধ্যে উন্নয়নশীল দেশগুলোতে বিশেষ করে স্বল্পোন্নত দেশ ও উন্নয়নশীল ক্ষুদ্র দ্বীপরাষ্ট্রগুলোতে সক্ষমতা বিনির্মাণ সহায়তা বৃদ্ধি করা | |

**সারণি ২.২ সূচকের ভিত্তিতে বাংলাদেশের এসডিজি অগ্রাধিকার তালিকা ৩৯+১ এর আলোকে কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট এসডিজি এর সূচকসমূহ:**

| ক্রঃনং | এসডিজি/স্থানীয় সূচক | সূচকসমূহের অবস্থা | | |
|---|---|---|---|---|
| | | ভিত্তি উপাত্ত (উৎস্য, বছর) | সর্বশেষ অগ্রগতি (উৎস্য, বছর) | লক্ষ্যমাত্রা ২০৩০ |
| ০১। | ১.২.১ চরম দারিদ্রের হার ৩% এর নীচে নামিয়ে আনা | ১২.৯% (বিবিএস, ২০১৬) | ১১.৩ (২০১৮) (বিবিএস প্রক্ষেপণ) | ৩% |
| ০২। | ১.২.১ দারিদ্র্যের হার ১০% এর নীচে নামিয়ে আনা | ২৪.৩% (বিবিএস, ২০১৬) | ২১.৮ (২০১৮) (বিবিএস প্রক্ষেপণ) | ১০% |
| ০৩। | ২.১.১ অপুষ্টির ব্যাপকতা | ১৬.৪% (SDG ট্যাক্যার,২০১৬) | ১৫.২% (SDG ট্যাক্যার,২০১৭) | ১০% |
| ০৪। | ২.২.১ অনুর্ধ্ব ৫-বছর বয়সী খর্বিত শিশুর হার ১২% এ নামিয়ে আনা | ৩৬.১ % (নিপোর্ট,২০14) | ২০14 এর পর তথ্য পাওয়া যায়নি | ১২% |
| ০৫। | আবাদযোগ্য জমির হার ন্যূনতম ৫৫% বজায় রাখা | ৫৮.১৩% (বিবিএস, ২০১৫) | | ৫৫% |
| ০৬। | ২.৩.১ সংশ্লিষ্ট উদ্যোগের আকার অনুযায়ী প্রতি শ্রম এককে উৎপাদনের পরিমাণ | | | Tier ii-ভুক্ত সকল তথ্য উপাত্ত Available নয় (কৃষি মন্ত্রণালয় লীড তথ্য প্রদানকারী) |
| ০৭। | ২.৩.২ স্থান ভেদে স্বল্প পরিসরে খাদ্য | | | |

| ক্রঃনং | এসডিজি/স্থানীয় সূচক | সূচকসমূহের অবস্থা | | |
|---|---|---|---|---|
| | | ভিত্তি উপাত্ত (উৎস্য, বছর) | সর্বশেষ অগ্রগতি (উৎস্য, বছর) | লক্ষ্যমাত্রা ২০৩০ |
| | উৎপাদনকারীদের গড় আয় | | | |
| ০৮। | হেক্টর প্রতি ফসল উৎপাদনের পরিমান (টন/হেঃ) | | | |
| | (ক) ধান | ৩.০৫ | ৩.১২ | ৬.১০ |
| | (খ) গম | ৩.০৩ | ৩.২৮ | ৬.০৬ |
| | (গ) ভূট্টা | ৬.৯৭ | ৮.৭১ | ১৩.৯৬ |
| | (ঙ) আলু | ২০.৭৬ | ২০.৯৭ | ৪১.৭৩ |
| | (চ) ডাল জাতীয় ফসল | ১.১৪ | ১.২৭ | ২.২৮ |
| | (ছ) তৈল বীজ | ১.১৮ | ১.৩৪ | ২.৩৬ |
| | | (ডিএই/বিবিএস, ২০১৫) | (ডিএই ২০১৭-১৮) | |
| ০৯। | ২.৪.১ উৎপাদনশীল ও টেকসই কৃষির আওতায় কৃষি জমির অনুপাত | | | Tier ii-ভুক্ত সকল তথ্য উপাত্ত Available নয় (কৃষি মন্ত্রণালয় লীড তথ্য প্রদানকারী) |
| ১০। | ২.৫.১ মাঝারি বা দীর্ঘমেয়াদি সংরক্ষণ সুবিধায় নিরাপদ- খাদ্য ও কৃষির জন্য এমন উদ্ভিদ ও প্রাণির বংশগতি সংশ্লিষ্ট সম্পদের সংখ্যা | ২৫৯৬০ (২০১৫) | | কৃষি মন্ত্রণালয় লীড তথ্য প্রদানকারী |
| ১১। | ২.৫.২ ঝুঁকিযুক্ত, ঝুঁকিবিহীন বা বিলুপ্তি ঝুঁকির অজানা পর্যায়ভুক্ত- এমন শ্রেণী বিন্যাসে স্থানীয় প্রাণিজাতের অনুপাত | | | তথ্য উপাত্ত Available নয়। কৃষি মন্ত্রণালয় লিড তথ্য প্রদানকারী |
| ১২। | ৬.৪.২ পানি চাপের মাত্রা : প্রাপ্তব্য বিশুদ্ধ পানিসম্পদের অনুপাত অনুযায়ী বিশুদ্ধ পানির উত্তোলন ও ব্যবহার | | | |
| ১৩। | ৯.৫.২ প্রতি ১০ লক্ষ অধিবাসীর মধ্যে (পূর্ণকালীন) গবেষকের সংখ্যা | ১২ (২০১৫) | | কৃষি মন্ত্রণালয় তথ্য প্রদানকারী |
| ১৪। | ১৫.৩.১ মোট ভূমির তুলনায় ক্ষয়প্রাপ্ত ভূমির অনুপাত | | | Tier iii-ভুক্ত সকল তথ্য উপাত্ত |

| ক্রঃনং | এসডিজি/স্থানীয় সূচক | সূচকসমূহের অবস্থা | | |
|---|---|---|---|---|
| | | ভিত্তি উপাত্ত (উৎস্য, বছর) | সর্বশেষ অগ্রগতি (উৎস্য, বছর) | লক্ষ্যমাত্রা ২০৩০ |
| | | | | Available নয়। (কৃষি মন্ত্রণালয় লিড তথ্য প্রদানকারী) |
| ১৫। | স্থানীয়ভাবে চিহ্নিত (SDG Localization) | | | স্থানীয়ভাবে চিহ্নিতকরণের কার্যক্রম চলমান রয়েছে। |